দৈনিক ইত্তেফাক

165

তারিখ ... ... SEP. 1 6 1995
পৃষ্ঠা ৪ কলাম ৩ ....

# পরীক্ষার সার্টিফিকেট কলেজে পাঠানোর ব্যবস্থা নেওয়া হউক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) কোর্সের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা তাহাদের নিজ নিজ কলেজ কেন্দ্রের মাধ্যমে ফলাফল ও মর্কশীট পাইয়া থাকে। কিন্তু সার্টিফিকেট সংগ্রহ করিতে হয় গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয় হইতে/ ইহাতে দেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষার্থীদের অসুবিধায় পড়িতে হয়। সার্টিফিকেট সংগ্রহের জন্য ৪/৫ দিন সময় লাগে। ফলে ঐ ৪/৫ দিন থাকা-খাওয়া ও গাড়ি ভাড়া বাবদ প্রায় ২/৩ হাজার টাকা খরচ হইয়া যায়। ঢাকার বাহিরের ছাত্র-ছাত্রীদের এই দুর্ভোগের কথা বিবেচনা করিয়া সার্টিফিকেটগুলি প্রত্যেক কলেজে পাঠাইয়া দিবার ব্যবস্থা করা হইলে ছাত্র-ছাত্রীগণ যারপর নাই উপকৃত হইবে। বিষয়টির প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মিশন বড়ুয়া (কর্তালা),
গ্রেটার রোড, কাজীহাটা,
রাজশাহী-৬০০০।